

## বঙ্গোপসাগরে নিখোঁজ ১টি ফিশিংট্রলারসহ ১৬ বাংলাদেশী জেলেকে দেশে ফিরিয়ে এনেছে নৌবাহিনী

বঙ্গোপসাগরে মাছ ধরতে গিয়ে গভীর নিম্নচাপের কবলে পড়ে নিখোঁজ হওয়া ১৬ জেলেকে জীবিত উদ্ধার করে একটি ফিশিং ট্রলারসহ বাংলাদেশ নৌবাহিনীর নিকট হস্তান্তর করেছে ভারতীয় কোস্ট গার্ড। গতকাল সোমবার রাতে উদ্ধারকৃত জেলে ও ট্রলার এফভি 'তামান্না'-কে হিরণ পয়েন্ট থেকে ৩০ নটিক্যাল মাইল দূরে আন্তর্জাতিক জলসীমায় নৌবাহিনী জাহাজ 'গোমতী' এর নিকট তাদেরকে হস্তান্তর করে ভারতীয় কোস্ট গার্ড জাহাজ 'অমোঘ'। আজ মঙ্গলবার (০৮-১১-২০১৬) সকালে নৌবাহিনী জাহাজ 'গোমতী' বাংলাদেশের কোস্ট গার্ড জাহাজ তামজিদ এর নিকট তাদেরকে হস্তান্তর করে। পরে কোস্ট গার্ড জাহাজ 'তামজিদ' জেলেদের মংলা থানায় হস্তান্তর করে।



বঙ্গোপসাগরে নিখোঁজ ১টি ফিশিংট্রলারসহ ১৬ বাংলাদেশী জেলেকে দেশে ফিরিয়ে এনেছে  
বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ গোমতী।  
ছবি : আইএসপিআর।

উল্লেখ্য, গত ০২ নভেম্বর ২০১৬ তারিখে 'এফভি তামান্না' নামক ট্রলারটি মাছ ধরার উদ্দেশ্যে হিরণ পয়েন্ট হতে গভীর সমুদ্রে গমন করে ঝড়ের কবলে পড়ে নিখোঁজ হয়। পরবর্তীতে দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ইঞ্জিন বিকল হয়ে তারা ভারতীয় জলসীমায় ঢুকে পড়ে। পরে টহলরত ভারতীয় কোস্ট গার্ড তাদেরকে ট্রলারসহ উদ্ধার করে ভারতীয় কোস্ট গার্ড ঘাঁটিতে নিয়ে যায়। সেখানে উদ্ধারকৃত জেলেদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করে এবং ট্রলারটিকে সংস্কার করে গত ১৪ নভেম্বর হিরণ পয়েন্ট থেকে ৩০ নটিক্যাল মাইল দূরে আন্তর্জাতিক জলসীমায় বাংলাদেশ নৌবাহিনী জাহাজ 'গোমতীর' নিকট হস্তান্তর করে। বর্তমানে উদ্ধারকৃত জেলেরা সকলেই সুস্থ রয়েছেন।